

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল অনুযদ, ইনস্টিটিউট, বিভাগ, দপ্তর ও শাখার সম্মানিত প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় হতে যে সকল কর্মচারী পোশাক-পরিচ্ছদ ভাতা পেয়ে থাকে তাদের অনেকেই ডিউটিকালীন নির্ধারিত পোশাক পরিধান করে না, এমনকি অনেকের নির্ধারিত পোশাক নাই। বর্তমানে স্মার্ট ও সুশৃঙ্খল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস গঠনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নানাবিধ কর্মপরিকল্পনা গ্রহণ করেছেন। তারই অংশ হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের যে সকল কর্মচারীগণ বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে পোশাকপ্রাপ্ত বা পোশাকক্রয় বাবদ নগদ অর্থ প্রাপ্ত হন, তাদেরকে অবশ্যই আগামী ০১-০৯-২০২৩ খ্রি. তারিখ হতে দাপ্তরিক দায়িত্ব পালনের সময় নিজ নিজ পদ অনুযায়ী নির্ধারিত পোশাক পরিধান করে দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো। এর ব্যত্যয় হলে উক্ত কর্মচারীর বিরুদ্ধে (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র, স্মারক নং-০৫.০০.০০০০.১২৩.০৬.০০১.১৬-৫৩/১৫০, তারিখ- ১৮ জানুয়ারি ২০১৮ মোতাবেক) বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য, নতুন যোগদানকৃত যেসকল কর্মচারীগণ (১৭তম-২০তম গ্রেড) এখনো পোশাক ভাতা পাননি তারা নিজস্ব অর্থায়নে নির্ধারিত অফিসিয়াল পোশাক তৈরী করবেন এবং পরবর্তীতে চাকুরী স্থায়ী হওয়া সাপেক্ষে সরকার কর্তৃক নির্ধারিত হারে পোশাক ভাতা প্রাপ্য হবেন।

পদভিত্তিক পোশাক নির্ধারণ:

ক) ডাইভার- সাদা শার্ট ও কালো প্যান্ট	খ) সকল অফিস সহায়ক/ হেলপার/ এ্যাটেনডেন্ট- আকাশী নীল রঙের শার্ট ও কালো প্যান্ট
গ) নিরাপত্তা গার্ড- নির্ধারিত ইউনিফর্ম, জুতা ও ক্যাপ	ঘ) সুইপার, ক্লিনার ও গার্ডেনার- নির্ধারিত কোটি পরবেন।

উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত ডীন, পরিচালকবৃন্দ, বিভাগীয় প্রধানগণ এবং দপ্তর/শাখা প্রধানগণকে এ বিষয়ে তদারকি করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,



২২/০৬/২০২৩

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার

ও

সভাপতি, লিভারেজ বাস্তবায়ন কমিটি


খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- খুপ্রবি/ ১৪৫/১০

তারিখ: ২০/০৬/২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। বঙ্গবন্ধু চেয়ার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল দপ্তর ও শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৯। সকল চেয়ারম্যান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। সকল সদস্য (০৩), লিভারেজ বাস্তবায়ন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। শাখা কর্মকর্তা, ডেসপাস শাখা, অত্র বিশ্ববিদ্যালয়। (ই-মেইলের মাধ্যমে প্রেরণের অনুরোধসহ)
- ১২। নিরাপত্তা কর্মকর্তা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৩। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ১৪। সেকশন অফিসার (গ্রেড-১), প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের কার্যালয়। (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ১৫। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৬। সংরক্ষণ নথি।



২২-০৬-২০২৩

(এম. এম. রবিউল ইসলাম শূভ)

সেকশন অফিসার (গ্রেড-১)

ও

সদস্য-সচিব, লিভারেজ বাস্তবায়ন কমিটি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়